সিনিয়র সিষ্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডাইরী নং......88......তারিখঃ......20/2/17

| |
|---|
| সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল |
| প্রোগ্রামার |
| মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার |
| সহকারী প্রোগ্রামার-১ |
| সহকারী প্রোগ্রামার-২ |
| সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার |
| ব্যক্তিগত কর্মকর্তা |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩২২.০৬.০৫৩.১১-(অংশ-১)- ৭৫

তারিখঃ ০৪ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ০৮ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন/মতামত কার্যবিবরণীর অনুচ্ছেদ অনুযায়ী আগামী ০৩ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সমন্বয় অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ কার্যবিবরণী ০৮ পৃষ্ঠা।

১৬/২/২০১৭
(শ্যামল কুমার সিংহ)
যুগ্মসচিব
ফোনঃ ৯১১৭৯১৪
E-mail: dsplandivco@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, ঢাকা।
৪. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. যুগ্মসচিব (সকল),পরিকল্পনা বিভাগ , ঢাকা।
৬. যুগ্মপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ/ পরিকল্পনা কমিশন, ঢাকা।
৭. উপসচিব (সকল) পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৮. উপপ্রধান(একনেক), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা ( **Website** এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১০. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১১. নির্বাহী প্রকৌশলী ইএম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ/নির্বাহী প্রকৌশলী গণপূর্ত উপ-বিভাগ-২, শেরেবাংলা নগর, ঢাকা।
১২. সিনিয়র সহকারী সচিব (সকল)/ সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৪. সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৫. উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত উপ-বিভাগ-৩/ ইএম উপ-বিভাগ-১৪), শেরেবাংলা নগর, ঢাকা।
১৬. উপ-বিভাগীয় কর্মকর্তা, আরবরিকালচার, গণপূর্ত উপ-বিভাগ, আসাদগেট, শেরেবাংলা নগর, ঢাকা।
১৭. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮. PRO, মাননীয় মন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
১৯. প্রোগ্রামার/মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২০. সহকারী পরিচালক, এসএসআরসি/বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২১. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২২. উপ-সহকারী প্রকৌশলী (ফোনস), টিএন্ডটি অফিস, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৩. মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র/ পুলিশ ইনচার্জ, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব/সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

## মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ০৮ ফেব্রুয়ারি; দুপুর ২:৩০ ঘটিকা

স্থানঃ এনইসি ১নং কমিটি কক্ষ

সভাপতিঃ মোঃ জিয়াউল ইসলাম, সচিব
পরিকল্পনা বিভাগ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) বিগত ২০/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীর কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর কার্যপত্র অনুসারে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১ পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর/বিভাগের অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন, (জানুয়ারি, ২০১৭ মাসের) অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন ছক-'ক'

| সেক্টর/বিভাগ | গত মাসের জের | | চলতি মাসে প্রাপ্ত | | চলতি মাসে পিইসি/এসপিইসি হয়েছে | | চলতি মাসে প্রক্রিয়াকরণ সম্পন্ন | | মাস শেষে অবশিষ্ট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প |
| ভৌত অবকাঠামো বিভাগ | ২৩ | ০৭ | ১৯ | ০৭ | ০৭ | ০৩ | ১৯ | ০৪ | ২৩ | ১০ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ১৯ | ৯ | ১০ | ০৫ | ০৬ | ০৬ | ০৭ | ০৬ | ২৩ | ০৭ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ১৭ | ০৪ | ৩৭ | ১২ | ০৯ | ০৬ | ২৯ | ১২ | ২৫ | ০৪ |
| শিল্প ও শক্তি বিভাগ | ১০ | ০৪ | ০৯ | ০২ | ০১ | ০১ | ০৫ | ০২ | ১৪ | ০৪ |
| মোটঃ | ৬৯ | ২৪ | ৭৫ | ২৬ | ২৩ | ১৬ | ৬০ | ২৪ | ৮৫ | ২৫ |

৩.২. ২০১৬-১৭ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প দলিল প্রক্রিয়াকরণ ছক- 'খ'

| সেক্টর/বিভাগ | ২০১৬-১৭ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের সংখ্যা | ২০১৬-১৭ এডিপি তে অন্তর্ভুক্ত প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা | | অন্তর্ভুক্ত নতুন প্রকল্প | | | চলতি মাসে প্রক্রিয়াকরণ (জানুয়ারি ২০১৭ মাসের) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একনেক কর্তৃক | মন্ত্রী মহোদয় কর্তৃক | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন | ইআরডিতে প্রেরণ | মন্ত্রণালয়ে প্রেরণ | একনেকে প্রেরণ | মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন | মোট |
| ভৌত অবকাঠামো বিভাগ | ৪২৭ | ৩৩ | ২৯ | ২৩ | ১৯ | ০৭ | ০০ | ১১ | ০৪ | ০৪ | ১৯ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ২১৯ | ৩৪ | ২৯ | ১২ | ১১ | ০৪ | ০০ | ০৭ | ০১ | ০৪ | ১২ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৩৪৫ | ৩৩ | ৩২ | ১৫ | ৩৭ | ১০ | ০০ | ১৪ | ০৪ | ০০ | ১৮ |
| শিল্প ও শক্তি বিভাগ | ৮১ | ০৭ | ০৪ | ০৬ | ০৪ | ০১ | ০০ | ০১ | ০২ | ০১ | ০৪ |
| মোটঃ | ১০৭২ | ১০৭ | ৯৪ | ৫৬ | ৭১ | ২২ | ০০ | ৩৩ | ১১ | ০৯ | ৫৩ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৩ ২০১৬-১৭ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে দলিল প্রক্রিয়াকরণ ছক- 'গ'

| সেক্টর/বিভাগ | ২০১৬-১৭ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে ) সংখ্যা | ২০১৬-১৭ এডিপিতে অন্তর্ভুক্ত (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে) প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা | | এডিপিতে অন্তর্ভুক্ত নতুন অননুমোদিত প্রকল্প (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে ) | | | চলতি মাসে প্রক্রিয়াকরণ (জানুয়ারি, ২০১৭ মাসের) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একনেক কর্তৃক | মন্ত্রী মহোদয় কর্তৃক | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন | ইআরডিতে প্রেরণ | মন্ত্রণালয়ে প্রেরণ | একনেকে প্রেরণ | মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন | মোট |
| ভৌত অবকাঠামো বিভাগ | ১৪১ | ০৩ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ৮২ | ০২ | ০৩ | ০২ | ০১ | ০৩ | ০০ | ০০ | ০২ | ০১ | ০৩ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৬৬ | ০২ | ০৭ | ০১ | ০৩ | ০১ | ০০ | ০১ | ০০ | ০২ | ০৩ |
| শিল্প ও শক্তি বিভাগ | ৬৩ | ০৫ | ০১ | ০২ | ০৪ | ০১ | ০০ | ০০ | ০১ | ০০ | ০১ |
| মোটঃ | ৩৫২ | ১২ | ১১ | ০৫ | ০৮ | ০৫ | ০০ | ০১ | ০৩ | ০৩ | ০৭ |

৩.৪ পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর/বিভাগের অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন (জানুয়ারি, ২০১৭ মাসের) অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন ছক-ঘ, ০১ (এক) মাসের অধিক পেন্ডিং প্রকল্প সংক্রান্ত তথ্যাদিঃ

| সেক্টর/বিভাগ | অনধিক ২ মাস | | ২ মাসের অধিক | |
|---|---|---|---|---|
| | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প |
| ভৌত অবকাঠামো বিভাগ | ০০ | ০০ | ০০ | ০০ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ০০ | ০০ | ০০ | ০০ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ০১ | ০০ | ০০ | ০০ |
| শিল্প ও শক্তি বিভাগ | ০০ | ০০ | ০০ | ০০ |
| মোটঃ | ০১ | ০০ | ০০ | ০০ |

৩.৫ পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর/বিভাগের অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন (জানুয়ারি, ২০১৭ মাসের) অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন ছক-ঙ, ০২ (দুই) মাসের অধিক পেন্ডিং প্রকল্প তালিকাঃ-

| সেক্টর/ বিভাগ | প্রকল্পের নাম | প্রাপ্তির তারিখ | পিইসি অনুষ্ঠানের তারিখ | পূর্ণগঠিত প্রকল্পের প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ভৌত অবকাঠামো বিভাগ | - | - | - | - | - |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | - | - | - | - | - |
| আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ | - | - | - | - | - |
| শিল্প ও শক্তি বিভাগ | -- | -- | -- | -- | -- |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৬ পরিকল্পনা কমিশনঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (ক) পরিকল্পনা কমিশন হতে প্রাপ্ত প্রকল্পের হিসাব পর্যালোচনা করে দেখা যায় যে, ডিসেম্বর/২০১৬ মাসের জের ৯৩টি এবং জানুয়ারি/২০১৭ মাসে প্রাপ্ত ১০১টি সহ মোট প্রকল্পের সংখ্যা=১৯৪টি। তন্মধ্যে চলতি মাসে প্রক্রিয়াকরণ সম্পন্ন হয়েছে ৮৪টি এবং জানুয়ারি/২০১৭ মাস শেষে অবশিষ্ট রয়েছে ১১০টি প্রকল্প। সভাপতি প্রকল্প প্রক্রিয়াকরণে আরও যত্নবান হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>(খ) প্রকল্প প্রক্রিয়াকরণ বিষয়ে প্রেরিত তথ্যের ছক সংশোধন করে সময় উপযোগী করে উপস্থাপনের জন্য সভায় আলোচনা হয়। | (ক) বিভিন্ন মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রাপ্ত প্রকল্পের হিসাব সমন্বয় সভায় উপস্থাপনের লক্ষ্যে নির্ধারিত ছকে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগের সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে এবং মন্তব্যের কলামে ০১ মাসের অধিক অনিষ্পন্নের কারণ লিপিবদ্ধ করতে হবে।<br>(খ) প্রকল্প প্রক্রিয়াকরণ বিষয়ে প্রেরিত তথ্যের ১টি ছক সংশোধন করে সময় উপযোগী করে সেক্টরসমূহ সমন্বয় শাখায় পাঠাবেন। | প্রধান (ভৌত অবকাঠামো বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান/শিল্প ও শক্তি বিভাগ) পরিকল্পনা কমিশন<br>এবং<br>সমন্বয় শাখা<br>পরিকল্পনা বিভাগ |

৪.০ জনবল : প্রশাসনিক

৪.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয় | ৬৯১<br>(ক্যাডার পদের ১০% রিজার্ভ পদ সহ) | ৫৬৭ | ১২৪ |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৩০৬ | ২০৪ | ১০২ |
| মোটঃ | ৯৯৭ | ৭৭১ | ২২৬ |

৪.২ শূন্য পদের বিন্যাসঃ

| বিভাগ/সংস্থা | ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| পরিকল্পনা বিভাগ | **২৫** | **২২** | **৬৮** | **০৯** | **১২৪** |
| এনএপিডি | ০২ | ০১ | ১২ | ০২ | ১৭ |
| বিআইডিএস | ৫২ | ০৬ | ২৪ | ০৩ | ৮৫ |
| মোটঃ | ৭৯ | ২৯ | ১০৪ | ১৪ | ২২৬ |

৪.৩ কমিশনের জনবলের পদওয়ারি বিন্যাসঃ

| | সদস্য | প্রধান | যুগ্ম-প্রধান | উপ-প্রধান | সিনিয়র সহকারী প্রধান | সহকারী প্রধান | গবেষণা কর্মকর্তা | ২য় শ্রেণীর জনবল | ৩য় শ্রেণীর জনবল | ৪র্থ শ্রেণীর জনবল | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম বিভাগ | | | | | | | | | | | |
| মঞ্জুরীকৃত পদের সংখ্যা | ০ | ১ | ৩ | ৪ | ৫ | ৫ | ২ | ১৩ | ১৫ | ১৩ | ৬১ |
| কর্মরত পদের সংখ্যা | ০ | ১ | ২ | ৩ | ২ | ৮ | ০ | ১২ | ৩ | ১১ | ৪২ |
| শূন্য পদের সংখ্যা | ০ | ০ | ১ | ১ | ৩ | -৩ | ২ | ১ | ১২ | ২ | ১৯ |
| সাধারণ অর্থনীতি বিভাগ | | | | | | | | | | | |
| মঞ্জুরীকৃত পদের সংখ্যা | ১ | ১ | ৫ | ৫ | ১১ | ৮ | ২ | ১৭ | ১১ | ২১ | ৮২ |
| কর্মরত পদের সংখ্যা | ১ | ১ | ৪ | ৫ | ৬ | ১৩ | ১ | ১১ | ২ | ১৯ | ৬৩ |
| শূন্য পদের সংখ্যা | ০ | ০ | ১ | ০ | ৫ | -৫ | ১ | ৬ | ৯ | ২ | ১৯ |
| ভৌত অবকাঠামো বিভাগ | | | | | | | | | | | |
| মঞ্জুরীকৃত পদের সংখ্যা | ১ | ১ | ৬ | ৫ | ৮ | ৮ | ০ | ১৯ | ৮ | ২১ | ৭৭ |
| কর্মরত পদের সংখ্যা | ১ | ১ | ৬ | ৩ | ৪ | ১২ | ০ | ১৬ | ১ | ১৭ | ৬১ |
| শূন্য পদের সংখ্যা | ০ | ০ | ০ | ২ | ৪ | -৪ | ০ | ৩ | ৭ | ৪ | ১৬ |

| | সদস্য | প্রধান | যুগ্ম-প্রধান | উপ-প্রধান | সিনিয়র সহকারী প্রধান | সহকারী প্রধান | গবেষণা কর্মকর্তা | ২য় শ্রেণীর জনবল | ৩য় শ্রেণীর জনবল | ৪র্থ শ্রেণীর জনবল | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৃষি, পানি সম্পাদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | | | | | | | | | | | |
| মঞ্জুরীকৃত পদের সংখ্যা | ১ | ১ | ৫ | ৯ | ১০ | ৯ | ০ | ২১ | ১০ | ২৪ | ৯০ |
| কর্মরত পদের সংখ্যা | ১ | ১ | ৪ | ৯ | ৪ | ১৫ | ০ | ১৭ | ২ | ২১ | ৭৪ |
| শূন্য পদের সংখ্যা | ০ | ০ | ১ | ০ | ৬ | -৬ | ০ | ০৪ | ৮ | ৩ | ১৬ |
| শিল্প ও শক্তি বিভাগ | | | | | | | | | | | |
| মঞ্জুরীকৃত পদের সংখ্যা | ১ | ১ | ৫ | ৪ | ৬ | ৭ | ৪ | ১৬ | ৮ | ১৯ | ৭১ |
| কর্মরত পদের সংখ্যা | ১ | ১ | ৫ | ২ | ৭ | ৭ | ২ | ১০ | ৫ | ১৭ | ৫৭ |
| শূন্য পদের সংখ্যা | ০ | ০ | ০ | ২ | -১ | ০ | ২ | ৬ | ৩ | ২ | ১৪ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | | | | | | | | | | | |
| মঞ্জুরীকৃত পদের সংখ্যা | ১ | ১ | ৫ | ৬ | ৭ | ৭ | ১ | ১৮ | ৭ | ২০ | ৭৩ |
| কর্মরত পদের সংখ্যা | ১ | ১ | ৩ | ৬ | ৩ | ১০ | ২ | ১৩ | ৩ | ১৮ | ৬০ |
| শূন্য পদের সংখ্যা | ০ | ০ | ২ | ০ | ৪ | -৩ | -১ | ৫ | ৪ | ২ | ১৩ |
| প্রেষণ | | | | | | | | | | | |
| কর্মরত পদের সংখ্যা | | | ১ | ৫ | ১৪ | ২১ | | | | | ৪১ |
| লিয়েন | | | | | | | | | | | |
| | | | ২ | ৪ | | | | | | | ৬ |
| ১০% রিজার্ভ পদ | | | | | | | | | | | |
| | | ১ | ৪ | ৮ | ১৪ | ২১ | | | | | ৪৮ |

৪.৪ পরিকল্পনা বিভাগের জনবল সংক্রান্ত তথ্যাদিঃ

| পরিকল্পনা বিভাগ | | | | |
|---|---|---|---|---|
| পদের নাম | মঞ্জুরীকৃত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | অতিরিক্ত পদ |
| সচিব | ১ | ১ | ০ | |
| অতিরিক্ত সচিব | ০ | ৩ | - | ৩ |
| যুগ্ম-সচিব | ১ | ৬ | - | ৫ |
| যুগ্ম-প্রধান | ১ | ১ | ০ | |
| উপ-সচিব | ৪ | ৭ | - | ৩ |
| উপ-প্রধান | ২ | ১ | ১ | |
| সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব | ১৩ | ৫ | ৮ | |
| সিনিয়র সহকারী প্রধান | ১ | ১ | ০ | - |
| সহকারী প্রধান | ৪ | ৩ | ১ | - |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | ১ | ১ | ০ | |
| সিনিয়র প্রোগ্রামার | ১ | ১ | ০ | |
| প্রোগ্রামার | ১ | ১ | ০ | |
| সহকারী প্রোগ্রামার | ২ | ১ | ১ | |
| মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার | ১ | ১ | ০ | |
| এসিস্ট্যান্ট মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার | ১ | ০ | ১ | |
| সহকারী পরিচালক | ১ | ০ | ১ | |
| আইন কর্মকর্তা | ১ | ০ | ১ | |
| গবেষণা কর্মকর্তা | ২ | ৩ | - | ১ |
| ডকুমেন্টশন কর্মকর্তা | ১ | ১ | ০ | |
| লাইব্রেরী অফিসার | ১ | ১ | ০ | |
| বাজেট অফিসার | ১ | ১ | ০ | |
| ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩৩ | ৩৫ | ০ | ২ |
| ৩য় শ্রেণীর কর্মচারী | ৬৩ | ৩৯ | ২৪ | |
| ৪র্থ শ্রেণীর কর্মচারী | ৫৫ | ৫৮ | - | ৩ |
| মোট | ১৯২ | ১৭১ | ৩৮ | ১৭ |

৪.৫ শূন্য পদ পূরণ সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (ক) শূন্য পদ পূরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি পরিকল্পনা বিভাগের প্রথম শ্রেণীর ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তার শূন্য পদ পূরনের বিষয়ে জানতে চাইলে যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, প্রথম শ্রেণীর পদ ৩৫ তম বিসিএস হতে জনবল পাওয়ার পর পূরণ করা হবে। তাছাড়া ২য় শ্রেণীর ২টি পদ পিএসসির মাধ্যমে পূরণের জন্য চাহিদা পত্র পিএসসিতে প্রেরণ করা হয়েছে। ৩য় শ্রেণীর ৩৭টি পদ পূরণের জন্য নিয়োগের কাজ চলমান রয়েছে। সভাপতি এনএপিডি এবং বিআইডিএস এর শূন্য পূরনের বিষয় জানতে চান। জবাবে এনএপিডির প্রতিনিধি জানান যে, ০৯টি পদ পূরনের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অচিরেই নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে। বিআইডিএস-এর প্রতিনিধি জানান যে, বোর্ড মিটিং এর মাধ্যমে এ মাসে ০৫জনকে নিয়োগ দেওয়া যাবে। সভাপতি পরিকল্পনা বিভাগ এবং এর আওতাধীন সংস্থার শূন্য পদ দ্রুত পূরণের জন্য অনুরোধ করেন।<br><br>(খ) পরিকল্পনা কমিশনের জনবল প্রেরণের ছক-কে সহজবোধ্য করা ও উক্ত ছকে মন্তব্য কলাম যুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(গ) সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদের শূন্য পদে মুক্তিযোদ্ধা কর্মকর্তা পদায়নের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে সার্টিফিকেট প্রাপ্তির জন্য অপেক্ষা করতে হচ্ছে বলে অতিরিক্ত সচিব-২ জানান। সভাপতি এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগের মাধ্যমে কর্মটি দ্রুতসময়ে করার জন্য বলেন। | (ক) শূন্য পদ পূরণের জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) পরিকল্পনা কমিশনের জনবল প্রেরণের ছক-কে সহজবোধ্য ও মন্তব্য কলাম যুক্ত করতে হবে।<br><br>(গ)সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদের শূন্য পদে মুক্তিযোদ্ধা কর্মকর্তা পদায়নের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে সার্টিফিকেট প্রাপ্তির বিষয়ে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক<br>এনএপিডি/বিআইডিএস<br>এবং<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>পরিকল্পনা বিভাগ |

৫.০ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

| মন্ত্রণালয় /সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| পরিকল্পনা বিভাগ | ১৪ | ২৪.৭০ | - | - | ১৪ | ২৪.৭০ |
| পরিকল্পনা বিভাগ-এর আওতাধীন প্রকল্পসমূহ | ৩৮ | টাকার পরিমাণ জানার জন্য FAPAD এর সাথে যোগাযোগ করা হচ্ছে। | - | - | ৩৮ | FAPAD এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। |
| বিআইডিএস | **৩৯** | **৩৫২.০৮** | - | | **৩৯** | **৩৫২.০৮** |
| জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী | **০৭** | **৩৫.৪৫** | - | - | **০৭** | **৩৫.৪৫** |
| **মোটঃ** | **৯৮** | - | - | - | **৯৮** | - |

৫.১ পরিকল্পনা বিভাগঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| পরিকল্পনা বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ১৪টি, জড়িত টাকার পরিমাণ ২৪.৭০ লক্ষ টাকা। ১৭-০৭-২০১৬ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট শাখা/অধিশাখাকে দ্বি-পক্ষীয় সভা করে দ্রুত নিষ্পত্তির করার লক্ষ্যে পত্র দেওয়া হয়েছে। এছাড়া পরিকল্পনা বিভাগের অনুন্নয়ন বাজেটের আওতায় আয়/ব্যয় কার্যক্রমের উপর অডিট করার জন্য মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরকে ৩০-০৪-২০১৬ তারিখের পত্রের প্রেক্ষিতে ১৮-১২-২০১৬ হতে ২৯-১২-২০১৬ পর্যন্ত অডিট দল অডিট নিরীক্ষা কাজ সম্পাদন করেছেন। যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, ০৬টি অডিট আপত্তি অবলোপনের জন্য স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। এখনও নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সভাপতি স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রেরিত অডিট আপত্তি অবলোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রেরিত অডিট আপত্তি অবলোপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট)<br>পরিকল্পনা বিভাগ<br>ও<br><br>সংশ্লিষ্ট শাখা/অধিশাখার কর্মকর্তা<br>এবং<br>হিসাবরক্ষণ কর্মকর্তা<br>পরিকল্পনা বিভাগ। |

৫.২ পরিকল্পনা বিভাগের সমাপ্ত প্রকল্পসমূহের অডিট আপত্তিঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| FAPAD থেকে প্রাপ্ত ৩টি সমাপ্ত প্রকল্পের অডিট আপত্তির চিত্র পিটি শাখায় দেওয়া হয়েছে। আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। সভাপতি সমাপ্ত প্রকল্পসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি সম্পর্কে জানতে চাইলে পরিকল্পনা শাখার সিনিয়র সহকারী প্রধান জানান যে, অডিট আপত্তিসমূহ অনেক আগের তাই এ সম্পর্কে কাগজপত্র পরিকল্পনা শাখায় নেই। সভাপতি এ বিষয়ে আগামী সভায় অগ্রগতি জানানোর জন্য অনুরোধ করেন। | FAPAD এর সাথে যোগাযোগ করে সমাপ্ত প্রকল্পসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে। আগামী সভার আগে এ বিষয়ে অগ্রগতি জানাতে হবে। | প্রধান (সকল)<br>পরিকল্পনা কমিশন<br>এবং<br>যুগ্মসচিব (পিটি)/<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>ও<br>হিসাবরক্ষণ কর্মকর্তা<br>পরিকল্পনা বিভাগ |

৫.৩ জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| এনএপিডি এর অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ০৭টি জড়িত টাকার পরিমাণ ৩৫.৪৫ লক্ষ টাকা। ৪টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিগত ১১-০৫-২০১৬ খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভার সুপারিশের প্রেক্ষিতে অডিট অধিদপ্তরের মন্তব্য সম্বলিত পত্রটি ০২-০৮-২০১৬ তারিখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের ছায়ালিপি এনএপিডির মহাপরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীর প্রাক্তন মহা-পরিচালক ড. এম, এ কামাল, মহাপরিচালক হিসাবে চুক্তি ভিত্তিক নিয়োজিত থাকাকালীন প্রেষন ভাতা বাবদ= ৩,১৭,০৩২/- (তিন লক্ষ সতের হাজার বত্রিশ) টাকা গ্রহণ করলে উক্ত টাকার উপর ২০১০ -২০১১ সালের অডিট আপত্তি (অনুচ্ছেদ-৪) উত্থাপিত হয়। বিগত ০১-০২-২০১৬ তারিখে তিনি এ অডিট আপত্তি বাবদ =১,০০,০০০/- টাকা সরকারী কোষাগারে চালান মূলে জমা দিয়েছেন। বর্তমানে ২,১৭,০৩২/- (দুই লক্ষ সতের হাজার বত্রিশ) টাকা বাকী আছে। তার অডিট আপত্তিকৃত অবশিষ্ট অর্থ =২,১৭,০৩২/- (দুই লক্ষ সতের হাজার বত্রিশ) টাকা অবলোপনের জন্য পরিকল্পনা বিভাগের সচিব মহোদয়ের বরাবরে আবেদন করেন। বিষয়টির পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | এনএপিডির অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক<br>জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী<br>এবং<br>যুগ্মসচিব<br>(বাজেট)<br>পরিকল্পনা বিভাগ |

৫.৪ বিআইডিএসঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিআইডিএস-এর অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩৯টি, জড়িত টাকার পরিমাণ **৩৫২.০৮** লক্ষ টাকা। আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত আছে। | বিআইডিএস-এর অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | মহা-পরিচালক<br>বিআইডিএস<br>ও<br>হিসাবরক্ষণ কর্মকর্তা<br>পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৬.০ শাখা ভিত্তিক অনিষ্পন্ন কাজসমূহ পর্যালোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| পরিকল্পনা বিভাগের আওতাধীন অধিশাখা/শাখায় এবং পরিকল্পনা কমিশনের বিভাগসমূহে ডিসেম্বর/২০১৬ মাসের জের ৫৬টি সহ জানুয়ারি/২০১৭ মাসের প্রাপ্ত পত্রের সংখ্যা=৩২৮৯টি। তন্মধ্যে নিষ্পত্তি হয়েছে=৩২১৮টি। অনিষ্পন্ন পত্রের সংখ্যা=৭১টি। | অনিষ্পন্ন পত্র দ্রুত নিষ্পত্তি করতে হবে। সেক্টর/বিভাগের প্রধানগণ নিজ নিজ বিভাগে সভা করবেন এবং পত্র নিষ্পত্তির সঠিক হিসাব (ডিপিপি'র পত্র ব্যতীত) প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে সমন্বয় অধিশাখায় প্রেরণ নিশ্চিত করবেন। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল অধিশাখা/শাখা |

৭.০ বিভাগীয় মামলা সংক্রান্ত পর্যালোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| পরিকল্পনা বিভাগে বর্তমানে ০২ টি বিভাগীয় মামলা চালু রয়েছে। বিভাগীয় মামলা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপসচিব (প্রশাসন অধিশাখা-১) সভাকে অবহিত করেন যে, ০২টি বিভাগীয় মামলার ক্ষেত্রেই তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। বর্তমানে মামলাগুলো তদন্তনাধীন রয়েছে। সভাপতি বিভাগীয় মামলাসমূহ দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন। | বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ। |

৮.০ অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| অত্র বিভাগে কোন অভিযোগ পাওয়া যায়নি। আওতাধীন সংস্থা হতেও অভিযোগ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। | কোন অভিযোগ পাওয়া গেলে তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, এনএপিডি/বিআইডিএস ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা পরিকল্পনা বিভাগ |

৯.০ বিবিধঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (১) 7th five year plan এবং SDGs এর সাথে মিল রেখে প্রকল্প প্রক্রিয়াকরণ বিষয়টি পিইসি/ডিপিইসি সভায় প্রতিনিধি হিসেবে উপস্থিত থেকে নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১ 7th five year plan এবং SDGs এর সাথে মিল রেখে প্রকল্প প্রক্রিয়াকরণ করতে হবে। | প্রধান (সকল) পরিকল্পনাকমিশন |
| (২) BIDS –এর অধ্যাদেশটি আইনে পরিণত করার বিষয়ে গত ০৫ ডিসেম্বর, ২০১৬ তারিখে প্রয়োজনীয় সংখ্যক কপি জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করা হয়েছে। | (২) BIDS –এর অধ্যাদেশ আইনে পরিণত করার বিষয়ে জাতীয় সংসদ সচিবালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, বিআইডিএস ও যুগ্মসচিব (পিটি), পরিকল্পনা বিভাগ |
| (৩) পরিকল্পনা কমিশন চত্বর হতে নির্বাচন কমিশন সচিবালয়, জনতা ব্যাংক লিমিটেড, ডে-কেয়ার এবং পোস্ট অফিস স্থানান্তরিত হওয়ায় ফাঁকা কক্ষসমূহ বরাদ্দের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় বিভিন্ন বিভাগের প্রতিনিধিগণ তাঁদের চাহিদার কথা তুলে ধরেন। সভাপতি বলেন এ বিষয়ে একটি কমিটি গঠন করে দেওয়া হয়েছে। কমিটি সবার যাতে সুবিধা হয় এ বিষয়টি মাথায় রেখে কক্ষ বরাদ্দের সুপারিশ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। কমিটির সুপারিশের ভিত্তিতে পরবর্তীতে কক্ষ বরাদ্দ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | (৩) পরিকল্পনা কমিশন চত্বর হতে নির্বাচন কমিশন সচিবালয়, জনতা ব্যাংক লিমিটেড, ডে-কেয়ার এবং পোস্ট অফিস স্থানান্তরিত হওয়ায় ফাঁকা কক্ষসমূহ গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয়তা অনুসারে বিতরণ করতে হবে। | উপসচিব (সাধারণ অধিশাখা-১) পরিকল্পনা বিভাগ। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| | | |
|---|---|---|
| (৪) ই-ফাইলিং এর বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে, এটুআই হতে ফোন মারফত জানানো হয়েছে যে, পরিকল্পনা বিভাগে ই-ফাইলিং আগের তুলনায় কমে গেছে। তাই তিনি সকলকে ই-ফাইলিং-এর মাধ্যমে নথি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। তিনি বলেন পরিকল্পনা বিভাগ বর্তমানে লাইভ সার্ভারের মাধ্যমে ই-ফাইলিং করছে। কিন্তু পরিকল্পনা কমিশনকে এখনও লাইভ এ আনা হয়নি। পরিকল্পনা কমিশন যদি লাইভ এ আসে এবং ই-ফাইলিং এর মাধ্যমে নথি ব্যবস্থাপনা করে। তাহলে আমাদের পারফরমেন্স বাড়তে পারে। পরিকল্পনা কমিশনের কয়েকজন কর্মকর্তা এ বিষয়ে আরও প্রশিক্ষণ প্রদানের অনুরোধ জানান। সভাপতি পরিকল্পনা শাখার সিনিয়র সহকারী প্রধান কে পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণকে আরও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | (৪) পরিকল্পনা বিভাগে ই-ফাইলিং এর মাধ্যমে নথি ব্যবস্থাপনার কার্যক্রম সম্পন্ন করতে হবে। পরিকল্পনা কমিশনকে যত দ্রুত সম্ভব ই-ফাইলিং এর উপর প্রশিক্ষন প্রদান করতে হবে এবং দ্রুত সময়ের মধ্যে ই-নথি ব্যবস্থাপনায় নথি ব্যবস্থাপনার কার্যক্রম আরম্ভ করতে হবে। | প্রধান (সকল)<br>পরিকল্পনা কমিশন<br>ও<br>যুগ্মসচিব/উপসচিব<br>(সকল)<br>এবং<br><br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>আইসিটি সেল<br>পরিকল্পনা বিভাগ |
| (৫) সভায় উপস্থিত অনেক সদস্য জানান যে, পরিকল্পনা বিভাগ/কমিশনে WiFi বা Internet এর গতি কম থাকায় ই-ফাইলিং এ সমস্যা সৃষ্টি হয়। সভাপতি এ বিষয়ে পরিকল্পনা বিভাগের আইসিটি সেল –কে গতি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | (৫) ই-ফাইলিং চালুর জন্য প্রয়োজনীয় WiFi বা Internet এর গতি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>এবং<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>আইসিটি সেল<br>পরিকল্পনা বিভাগ |
| (৫) সভায় ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পোশাক পরিধানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি পরিকল্পনা বিভাগের প্রশাসন শাখাসমূহে কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পোশাক পরিধান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করেন। | (৫) পরিকল্পনা বিভাগের প্রশাসন শাখাসমূহে কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের নির্ধারিত পোশাক পরিধান করা নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব-১<br>পরিকল্পনা বিভাগ। |

১০.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.২.১৭

(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব
পরিকল্পনা বিভাগ, ঢাকা।

G:\Folder for 2016 -1 - Copy\Co-ordination Meeting\2017\co-ordination meeting February -2017\Meeting minutes .06.02.2017.doc